কালের কণ্ঠ

তারিখ ... 22 SEP. 2015 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

# মেডিক্যালের প্রশ্ন ফাঁস হয়ে থাকলে আবার পরীক্ষা হোক : সুরঞ্জিত

নিজস্ব প্রতিবেদক ▷

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদ সদস্য সুরঞ্জিত সেনগুপ্ত বলেছেন, 'যদি মেডিক্যাল ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস হয়ে থাকে তবে আবার সেই পরীক্ষা নেওয়া হোক।' তিনি বলেন, 'অভিযোগ ওঠার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয় কয়েকজনকে গ্রেপ্তার দেখাল। এটা যদি ঠিক থাকে তবে কিভাবে স্বাস্থ্য মন্ত্রণালয় সেই পরীক্ষার ফলাফল প্রকাশ করে?' দুই মন্ত্রণালয়ের (স্বাস্থ্য ও শিক্ষা) মন্ত্রীর বিষয়টি ভাবা উচিত বলে তিনি মন্তব্য করেন। গতকাল সোমবার রাজধানীতে শিল্পকলা একাডেমির হলরুমে বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোট আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে আইন, বিচার ও সংসদবিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সুরঞ্জিত সেনগুপ্ত টাঙ্গাইলে পুলিশের গুলিতে চারজন নিহত হওয়ার ঘটনায়ও প্রশ্ন তোলেন। তিনি বলেন, 'টাঙ্গাইলের কালিহাতীতে কী এমন ঘটল যে পুলিশকে গুলি চালাতে হলো? আবার মামলা দিয়েও জনগণকে হয়রানি করা হচ্ছে। আর এই ঘটনার দায় চাপল সরকারের ওপর।' প্রকৃত ঘটনার তদন্ত করে দোষী পুলিশ সদস্যের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান তিনি।

সুরঞ্জিত সেনগুপ্ত আরো বলেন, 'কালিহাতীর ঘটনার মামলার প্রধান আসামি হওয়া উচিত পুলিশের। শাক দিয়ে তো মাছ ঢাকা যায় না। সেখানে কোনো ম্যাজিস্ট্রেট ছিল? পুলিশ কার নির্দেশে গুলি চালিয়েছে সেটাও বের করার দায়িত্ব পুলিশের।'

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের পরিবেশবিষয়ক পুরস্কার 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পাওয়ায় অভিনন্দন জানিয়ে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন আয়োজক সংগঠনের ঢাকা বিভাগীয় সভাপতি মাকসুদুর রহমান মাকসুদ।